দৈনিক ইত্তেফাক

তারিখ 03 MAY 1987
পৃষ্ঠা 1 কলাম 2

025

# ৪টি বোর্ডের ২৯টি এইচএসসি পরীক্ষা কেন্দ্র বাতিল

বাসস জানায়, সরকার বিশেষ বিবেচনায় আসন্ন এইচ,এস,সি পরীক্ষা উপলক্ষে ৪টি শিক্ষা বোর্ডের অধীনস্থ ২৯টি পরীক্ষা কেন্দ্র ও উপকেন্দ্র বাতিল করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান এই সিদ্ধান্ত ঘোষণা করিয়া জানান, বাতিলকৃত কেন্দ্রের পরীক্ষার্থীরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশিত কেন্দ্র বা উপকেন্দ্রে পরীক্ষা দিবে। তিনি সকলের প্রতি বিশেষ করিয়া ছাত্র,

(২য় পৃঃ দ্রঃ)

## পরীক্ষা কেন্দ্র বাতিল

(১ম পৃঃ পর)

শিক্ষক, অভিভাবক এবং স্থানীয় জনসাধারণের প্রতি পরীক্ষা-কেন্দ্রে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি রোধ এবং সুশৃঙ্খলভাবে পরীক্ষা অনুষ্ঠানে সহযোগিতার আহ্বান জানাইয়াছেন।

শিক্ষামন্ত্রী বলেন, সরকারী সিদ্ধান্ত অনুযায়ী ১৯৮৮ সাল হইতে উপজেলার বাহিরে কোন পরীক্ষা কেন্দ্র থাকিবে না। ইতি-পূর্বে ৪টি বোর্ডের অধীনে বেশ-কিছু সংখ্যক পরীক্ষা কেন্দ্র বাতিল করা হইয়াছে। তিনি এ ব্যাপারে 'তদবির' না করার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

নিম্নে বোর্ডওয়ারী বাতিল-কৃত কেন্দ্র ও উপকেন্দ্রগুলির নাম দেওয়া হইল:

ঢাকা বোর্ড: ভাওয়াল জামালপুর কলেজ, গাজীপুর; কালিয়াকৈর কলেজ, গাজীপুর; মেলান্দা কলেজ, জামালপুর; বালিয়াকান্দি কলেজ, রাজবাড়ী; কলিমুল্লাহ কলেজ, গজারিয়া; মুন্সীগঞ্জ (উপকেন্দ্র) এবং মাদার-গঞ্জ কলেজ, জামালপুর।

কুমিল্লা বোর্ড: চোয়ারা কলেজ, সদর উপজেলা, কুমিল্লা; গুণবতী কলেজ, চৌদ্দগ্রাম উপ-জেলা, কুমিল্লা; দোল্লাই নবাব-পুর কলেজ, চান্দিনা উপজেলা, কুমিল্লা এবং ছেঙ্গার চর কলেজ, মতলব উপজেলা, চাঁদপুর।

রাজশাহী বোর্ড: পাকের-হাট কলেজ, খানসামা উপ-জেলা; পাকশী রেলওয়ে কলেজ ঈশ্বরদী উপজেলা; ডোমার কলেজ, ডোমার উপজেলা, নীলফামারী; বড়াই গ্রাম কলেজ, বড়াইগ্রাম উপজেলা, নাটোর; নলডাঙ্গা হাট কলেজ, সদর উপজেলা, নাটোর; গোপালপুর কলেজ, গোপালপুর, নাটোর; প্রেমতলী কলেজ, গোদাগাড়ী উপজেলা, রাজ-শাহী; মঙ্গলবাড়ী কলেজ, জয়পুরহাট এবং অরণী কলেজ, বঘা উপজেলা, রাজশাহী সদর।

যশোর বোর্ড: বঙ্গবন্ধু কলেজ, বলফুলিয়া; খুলনা সদর: গিলা-তলা কলেজ, রামপাল উপ-জেলা, বাগেরহাট; শেরে বাংলা কলেজ, শিকারপুর, গৌরনদী উপজেলা, বরিশাল; হাসনাবাদ কলেজ, গৌরনদী উপজেলা; বাইশরী কলেজ, ঝালকাঠি উপ-জেলা, ধামুরা কলেজ, উজিরপুর উপজেলা; বিনয়কাঠি কলেজ, ঝালকাঠি উপজেলা; হাইবতপুর কলেজ, সদর উপজেলা যশোর; খাজুরা কলেজ, সদর উপজেলা, যশোর এবং আবুল কালাম কলেজ, রামুদিয়া উপজেলা, বাবুগঞ্জ, বরিশাল।